দৈনিক
ইত্তেফাক

13 JAN 2009
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাকার চব্বিশটি সরকারি স্কুলে ভর্তিযুদ্ধে ৪৮ হাজার শিক্ষার্থী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

রাজধানীর ২৪টি সরকারি স্কুলে ৪৮ হাজারের বেশি পরীক্ষার্থী এবার ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ৮ হাজার শূন্য আসনের বিপরীতে শিক্ষার্থীরা ভর্তি যুদ্ধে অংশ নেবে। 'ক" গ্রুপভুক্ত রাজধানীর সরকারি ৮টি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামীকাল রবিবার। প্রথম থেকে চতুর্থ শ্রেণীর পরীক্ষা সকাল ১০টা থেকে শুরু হয়ে সাড়ে ১১টা এবং পঞ্চম থেকে নবম শ্রেণীর পরীক্ষা বিকাল ২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর পরীক্ষা অনুষ্ঠানের সকল প্রস্তুতি শেষ করেছে। এছাড়া 'খ' গ্রুপভুক্ত ৮টি সরকারি স্কুলের পরীক্ষা ৬ জানুয়ারি এবং 'গ' গ্রুপভুক্ত ৮টি স্কুলের পরীক্ষা ১০ জানুয়ারি অনুষ্ঠিত হবে।

এবার 'ক' গ্রুপভুক্ত গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ২ হাজার ৩৮১ শূন্য আসনের বিপরীতে এবার পরীক্ষায় অংশ নেবে ১৫ হাজার ১৭ জন পরীক্ষার্থী।

'খ' গ্রুপভুক্ত মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, গভর্নমেন্ট মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২ হাজার ৪৩৪টি শূন্য আসনের বিপরীতে ১৫ হাজার ৭৪৪ জন পরীক্ষায় অংশ নেবে।

এছাড়া 'গ' গ্রুপভুক্ত ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল, আরমানিটোলা [illegible] উচ্চ বিদ্যালয়, শেরে বাংলানগর [illegible] বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলি [illegible]

কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় এবং তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের ৩ হাজার ২৬৮ শূন্য-আসনের বিপরীতে পরীক্ষায় অংশ নেবে ১৭ হাজার ৯৯২ জন পরীক্ষার্থী। সূত্র জানিয়েছে, তিন গ্রুপের পরীক্ষার ফল ১৪ জানুয়ারি নিজ নিজ স্কুলে টানিয়ে দেয়া হবে বলে। গত ১৪ ডিসেম্বর থেকে ২৭ ডিসেম্বর পর্যন্ত ভর্তি ফরম বিক্রি ও জমা নেয়া হয়েছিল।

# ভিকারুননিসা নূন স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুলে প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা গতকাল শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত প্রতিষ্ঠানের চারটি শাখা-সিদ্ধেশ্বরীস্থ মূল শাখা, আজিমপুর, বসুন্ধরা ও ধানমন্ডি শাখার পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হয়। এবার চারটি শাখায় ১ হাজার ২৬০টি আসনের বিপরীতে দশ হাজারের বেশি ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। ৫০ নম্বরের বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ের ওপর পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৭ জানুয়ারি ফল প্রকাশ করা হবে।